গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পলাশবাড়ী ,গাইবান্ধা ।

স্মারক নং ঃ ০৫.৫৫.৩২৬৭.০০০.৩১.০০০৩.২৬-২৭০ তারিখঃ ২৬.০২.২০২৬ খ্রিঃ

## পলাশবাড়ী উপজেলার হাট- বাজার ইজারার দরপত্র বিজ্ঞপ্তি -১/২০২৫-২০২৬

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, হাট ও বাজার (স্থাপন ও ব্যবস্থাপনা) বিধিমালা, ২০২৫ অনুযায়ী পলাশবাড়ী উপজেলা পরিষদের আওতাধীন নিম্নতফশীলযুক্ত সরকারি হাট-বাজার ১৪৩৩ বাংলা সনের ০১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১(এক) বছর মেয়াদে ভিত্তিতে ইজারা বন্দোবস্ত দেয়া হবে। দরদাতাগণ **নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়সহ সহকারী কমিশনার (ভূমি), পলাশবাড়ী, সোনালী ব্যাংক পিএলসি, পলাশবাড়ী শাখা, ইউনিয়ন পরিষদ(সকল), পলাশবাড়ী, পলাশবাড়ী থানা, পুলিশ সুপার গাইবান্ধা, জেলা প্রশাসক, গাইবান্ধা মহোদয়ের (স্থানীয় সরকার শাখা) কার্যালয়** হতে তফশীলে উল্লিখিত তারিখের মধ্যে নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) অফিস চলাকালীন সময়ে সিডিউল ক্রয় করতে পারবেন। দরপত্রসমূহ নির্ধারিত তারিখে বেলা **১.০০ টা পর্যন্ত নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়সহ সহকারী কমিশনার (ভূমি), পলাশবাড়ী, পুলিশ সুপার, গাইবান্ধা এবং জেলা প্রশাসক, গাইবান্ধা মহোদয়ের (স্থানীয় সরকার শাখা) কার্যালয়ে রক্ষিত টেন্ডার বাক্সে গ্রহণ করা হবে** এবং ঐ দিনই বেলা ২.০০ টায় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। বিস্তারিত তথ্যাদি অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে জানা যাবে এবং ইজারা বিজ্ঞপ্তি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ের নিজস্ব ওয়েবসাইট palashbari. gaibandha. gov. bd হতে ডাউনলোড করা যাবে।

| ক্রমিক নং | হাট -বাজারের নাম | অবস্থান (ইউ,পি) | সরকারি মূল্য | শিডিউল মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | কাশিয়াবাড়ী হাট | কিশোরগাড়ী | ২,৯০,৭৪২/- | ১২০০/- | উল্লেখ্য যে, দরপত্র দাতাকে দরপত্রে উদ্ধৃত মূল্যের ৩০% অর্থ ব্যাংক ড্রাফটের মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর বরাবর দরপত্রের সাথে জমা দিতে হবে । উক্ত টাকা হতে ২০% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং অবশিষ্ট ১০% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। সফল দরদাতাকে তার দাখিলকৃত দরের অবশিষ্ট ৮০% অর্থসহ ১৫% হারে মূল্য সংযোজন কর এবং ১০% হারে আয়কর কার্যাদেশ প্রাপ্তির ০৭(সাত) কার্য দিবসের মধ্যে পরিশোধ করতে হবে । অন্যথায় জামানত হিসেবে জমাকৃত সমুদয় অর্থ বাজেয়াপ্ত করা হবে । দরপত্র সংক্রান্ত বিস্তারিত তথ্য ও শর্তাবলী এ অফিস হতে জানা যাবে। |
| ২. | বড় শি লা হাট | কিশোরগাড়ী | ১৫,৩৩৫/- | ৫০০/- | |
| ৩. | মেরীর হাট | হোসেনপুর | ৫৯,৩৫৯/- | ৫০০/- | |
| ৪. | আমলাগাছী হাট | বরিশাল | ৫,৯৮,৬৫৫/- | ১৮০০/- | |
| ৫. | বাসুদেবপুর দৈনিক বাজার | বরিশাল | ৯,৩৩৪/- | ৫০০/- | |
| ৬. | মাঠের হাট | বেতকাপা | ৩৩,২৩,০০০/- | ৭৪০০/- | |
| ৭. | ফকির হাট | পবনাপুর | ২০,২৫৫/- | ৫০০/- | |
| ৮. | সমিতির হাট | পবনাপুর | ১,৩৯,৩৪৭/- | ১০০০/- | |
| ৯. | চরের হাট | পবনাপুর | ৯৭১৮/- | ৫০০/- | |
| ১০. | কুমেদপুর বাজার | মনোহরপুর | ৫৯৪৩/- | ৫০০/- | |
| ১১. | গোডাউন বাজার | মনোহরপুর | ২৬,০১৪/- | ৫০০/- | |
| ১২. | কাজীর বাজার | মনোহরপুর | ৫৩৮৫/- | ৫০০/- | |
| ১৩. | তালুব রা হাট | হরিনাথপুর | ১,৯৫,৭৩০/- | ১০০০/- | |

## দরপত্র দাখিলের ক্যালেন্ডার

| বিবরণ | দরপত্র বিক্রয়ের শেষ দিন | দরপত্র দাখিলের দিন ও সময় | দরপত্র বাক্স খোলার তারিখ ও সময় | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ম দরপত্র বিজ্ঞপ্তি | ১৫ মার্চ , ২০২৬ খ্রি. (১ চৈত্র ) (অফিস চলাকালীন ) | ১৬ মার্চ , ২০২৬ খ্রি. (২ চৈত্র ) সকাল ১০.০০ টা হতে দুপুর ১.০০ টা পর্যন্ত | ১৬ মার্চ , ২০২৬ খ্রি. (২ চৈত্র ) বেলা ২.০০ ঘটিকায় | উল্লিখিত তারিখ অনুযায়ী প্রয়োজনবোধে দরপত্র আহ্বান অব্যাহত থাকবে। তবে কোন হাট-বাজারের দরপত্র কমিটি কর্তৃক গৃহীত হলে পরবর্তীতে ঐ হাট-বাজারের জন্য কোন দরপত্র/সিডিউল বিক্রয় করা হবে না । |
| ২য় দরপত্র বিজ্ঞপ্তি | ৩০ মার্চ ২০২৬ (১৬ চৈত্র ) (অফিস চলাকালীন ) | ৩১ মার্চ ২০২৬ (১৭ চৈত্র ) সকাল ১০.০০ টা হতে দুপুর ১.০০ টা পর্যন্ত | ৩১ মার্চ ২০২৬ (১৭ চৈত্র ) বেলা ২.০০ ঘটিকায় | |
| ৩য় দরপত্র বিজ্ঞপ্তি | ৭ এপ্রিল ২০২৬ (২৪ চৈত্র ) (অফিস চলাকালীন ) | ৮ এপ্রিল ২০২৬ (২৫ চৈত্র ) সকাল ১০.০০ টা হতে দুপুর ১.০০ টা পর্যন্ত | ৮ এপ্রিল ২০২৬ (২৫ চৈত্র ) বেলা ২.০০ ঘটিকায় | |

২৬/২/২৬

শেখ জাবের আহমেদ
উপজেলা নির্বাহী অফিসার
পলাশবাড়ী, গাইবান্ধা
মোবাঃ ০১৭৬২-৬৯৫০৭৩

CS CamScanner

## শর্তাবলীঃ

০১। বাংলা ১৪৩৩ সনের ০১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত এক বৎসরের মেয়াদ কালের জন্য হাট-বাজার ইজারা দেয়া হবে।

০২। দরপত্র দাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লিখিত দরের ৩০% অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, পলাশবাড়ী" এর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।উক্ত টাকা হতে ২০% অর্থ ইজারা মুল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ১০% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহিতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার-পরিচ্ছন্ন না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বছর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পণ করা হবে।

০৩। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হবার ৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৮০% অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে। অন্যথায় হাট-বাজারের জন্য জমাদানকৃত জামানত হিসেবে জমাকৃত সমুদয় অর্থ বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

০৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের পূর্ববর্তী ০৩(তিন) বছরের গড় ইজারামূল্য (সরকারি মূল্য) হতে কম হয় তাহলে পুনরায় দরপত্র আহবান করা হবে।

০৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য ধরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রি করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় অন্তর্ভুক্ত হাট-বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না।

০৬। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও হাট-বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।:

০৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে হাট-বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোলচার্ট টাংগাইয়া প্রচার করবেন।

০৮। প্রত্যেক হাট-বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

০৯। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/-(তিনশত মাত্র) টাকার নন- জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক নিজ উদ্যোগে, নিজ খরচে ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখবেন।

১৩। চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান/প্রশাসক, ইউনিয়ন পরিষদ, মোহনপুর, রাজশাহী। নির্ধারিত তারিখে সিডিউল বিক্রয়ের জন্য

১৪। দরপত্রের প্রদত্ত মুল্যে অংকে বা কথায় কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬। হাট-বাজারের ইচ্ছায়ার টাকা সরকারী দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৭। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা যাবে।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

স্মারক নং ঃ ০৫.৫৫.৩২৬৭.০০০.৩১.০০০৩.২৬-২৭০ তারিখঃ ২৬.০২.২০২৬ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

০১ সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, ঢাকা।
০২ বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর
০৩ জেলা প্রশাসক, গাইবান্ধা
০৪ পুলিশ সুপার, গাইবান্ধা
০৫ অতিরিক্ত জেলা প্রশাসক, সার্বিক/রাজস্ব, গাইবান্ধা
০৬ উপপরিচালক, স্থানীয় সরকার, গাইবান্ধা
০৭ সহকারী কমিশনার (ভূমি), পলাশবাড়ী, গাইবান্ধা
০৮ অফিসার ইনচার্জ, পলাশবাড়ী থানা, গাইবান্ধা
০৯ উপজেলা.......................................অফিসার, পলাশবাড়ী, গাইবান্ধা
১০ চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), পলাশবাড়ী, গাইবান্ধা। নোটিশ বোর্ডে টাংগিয়ে প্রচারের জন্য অনুরোধ করা হলো ।
১১ ব্যবস্থাপক, সোনালী ব্যাংক পিএলসি, পলাশবাড়ী, গাইবান্ধা।
১২ সাব রেজিস্ট্রার, পলাশবাড়ী, গাইবান্ধা। নোটিশ বোর্ডে টাংগিয়ে প্রচারের জন্য অনুরোধ করা হলো ।
১৩ পোস্টমাস্টার, উপজেলা পোস্ট অফিস, পলাশবাড়ী, গাইবান্ধা। নোটিশ বোর্ডে টাংগিয়ে প্রচারের জন্য অনুরোধ করা হলো ।
১৪ ইউনিয়ন ভূমি সহকারী/ উপ সহকারী কর্মকর্তা, ইউনিয়ন ভূমি অফিস (সকল), পলাশবাড়ী, গাইবান্ধা। তার এলাকাধীন হাট বাজারে মাইকে/ঢোল শহরতের মাধ্যমে বহুল প্রচারপূর্বক প্রচারের প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করার জন্য অনুরোধ করা হলো ।
১৫ জনাব ........................................................ ইজারাদার........................................হাট বাজার (১৪৩২ বাংলা সন), পলাশবাড়ী,গাইবান্ধা
১৬ সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক ........................................ পত্রিকা ও দৈনিক ........................................ । তাঁকে দরপত্র বিজ্ঞপ্তিটি ---------- ------- ----------------------------তারিখের মধ্যে ভিতরের পাতায় ১২X৩ ইঞ্চি কলামের মধ্যে ০১(এক) দিনের জন্য প্রকাশের নিমিত্ত অনুরোধ করা হলো ।
১৭ অফিস কপি।

শেখ জাবের আহমেদ
উপজেলা নির্বাহী অফিসার
পলাশবাড়ী, গাইবান্ধা

CamScanner